ঠাকুরগাঁও সদরে বিকেন্দ্রীকৃত পরিবীক্ষণ, পরিদর্শন ও মূল্যায়ন (ডিএমআইই) পদ্ধতি বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত

শামসুল আলম, ঠাকুরগাঁও:: ঠাকুরগাঁও সদরে বিকেন্দ্রীকৃত পরিবীক্ষণ, পরিদর্শন ও মূল্যায়ন (ডিএমআইই) পদ্ধতি বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।
১০ ই নভেম্বর সোমবার সকাল ৯টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে এই প্রশিক্ষণ শুরু হয়।

প্রশিক্ষণের উদ্বোধন করেন ঠাকুরগাঁও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো খাইরুল ইসলাম ।
তিনি প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, প্রতি তিন মাস পর পর ফরম ১৭ অনুযায়ী রিপোর্ট দাখিলের সময় সঠিকতা নিশ্চিত করতে হবে এবং তা যাতে নথিপত্র ও রেজিস্টারের সাথে মিল থাকে, সেদিকে সবাইকে সচেতন থাকতে হবে।তিনি আরও জানান, ডিএমআইই রিপোর্টের রিসিভ কপি উপজেলা থেকে সংগ্রহ করতে হবে। যে সকল ইউনিয়নে মামলা গ্রহণ কম হচ্ছে, সেগুলোর জন্য প্রচারণা বৃদ্ধি করতে হবে।

ডিএমআইই পদ্ধতির সঠিক প্রয়োগে নির্দেশনা দেন মোছা রুবি আক্তার , ডিস্ট্রিক্ট ম্যানেজার, এভিসিবি-৩ প্রকল্প। তিনি প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের হাতে কলমে ফরম ১৭ অনুযায়ী ত্রৈমাসিক রিপোর্ট প্রস্তুতির প্রক্রিয়া শিখান।

ঠাকুরগাঁও সদর উপজেলার ২২টি ইউনিয়নের চেয়ারম্যান -প্যানেল চেয়ারম্যান, ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারীসহ প্রশিক্ষণে ২ টি ব্যাচে মোট ৬৩ জন কর্মকর্তা

এ প্রশিক্ষণ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান করেন কোর্স পরিচালক সরদার মোস্তফা শাহিন, উপপরিচালক, স্থানীয় সরকার, ঠাকুরগাঁও । প্রশিক্ষণের সহযোগিতায় ছিলেন উপজেলা কো-অর্ডিনেটর আতিকা ইসলাম এবং তাহমিনা ইয়াসমিন। প্রশিক্ষণ শেষে ঠাকুরগাঁও সদর উপজেলার ২২

টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান – প্যানেল চেয়ারম্যানদের মাঝে ফর্ম ও ফরম্যাট বিতরণ করা হয়।